

মেম্বর

বিল ডি ব্লাসিও (Bill de Blasio) (D, WF)

হ্যালো, আমি Bill de Blasio। আমি আউটার বোরোসিহিত একজন কর্মজীবী পিতা এবং পাবলিক স্কুলসমূহের গর্বিত পিতা। আমি বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে পাবলিক এডভোকেট হিসেবে কাজ করছি। আর আমি আপনাদের মেম্বর হওয়ার জন্য চেষ্টা চালাচ্ছি। একজন অগ্রবর্তী সংস্কারক এবং তৃণমূল সংগঠক হিসেবে আমি আমার জীবন অতিবাহিত করেছি, ক্লিনটন প্রশাসনে Andrew Cuomo এর সহিত কাজ করেছি, Hillary Clinton-এর প্রথম প্রচারাভিযানে নেতৃত্ব দিয়েছি, এবং - আমি আমার স্থানীয় স্কুল বোর্ড, সিটি কাউন্সিল ও গণ আইনজীবী হিসেবে কাজ করে নগরীর পরিবর্তনের চেষ্টা করেছি। আমি হাজার স্কুল শিক্ষকের ছাটাই প্রতিরোধ করেছি এবং নেইবারহুড স্কুল সমূহের বন্ধ হওয়া থেকে নিরাপদ করেছি; এবং বস্তি ভূমি মালিকদের জবাবদিহীতার ব্যবস্থা করেছি; যারা ৯/১১ এর পরে প্রথম দুর্যোগ কবলিতদের যথামত ক্ষতিপূরণ আদায়ে সাহায্য করেছি; এবং যে সমস্ত ছেলেমেয়ে যারা অপব্যবহার এবং অবহেলার শিকার হয়েছে তাঁদেরকে সুবক্ষা করেছি। আমি তাঁদের জন্য কথা বলার ক্ষেত্রে কখনও ভীত হই নাই যারা সিটি হলের দ্বারা প্রতিনিয়ত নিগূহীত হয়। ঠিক এখনই আমরা দুই নগরীর গল্পের ন্যায় একটি নগরীতে বাস করি যেখানে ধনীরা আরও অধিকতর ধনী হচ্ছে আর যেখানে মধ্য শ্রেণীর নিউ ইয়র্কবাসীরা দুর্ভোগ ভোগ করছে এবং আমাদের নগরীর প্রায় অর্ধেক লোকজন দারিদ্র সীমায় অথবা তাঁর কাছাকাছি বসবাস করছে। সুদীর্ঘ বার বছর মেম্বর Bloomberg-এর পর আমরা একজন নেতাকে চাই যিনি শুধুমাত্র ওয়াল স্ট্রিট, বড় বড় কর্পোরেশন এবং বড় বড় রিমেল এস্টেট নির্মাতাদের চাহিদাই পূরণ করবেন না। আমরা আমাদের সমগ্র সিটির জন্য একজন মেম্বর চাই - যা সকল পাঁচটি বোরোর জন্য। একজন মেম্বর হিসেবে আমি প্রায় ২০০,০০০ সামর্থ্যের মধ্যে গৃহায়ন প্রতিষ্ঠার জন্য প্রতিজ্ঞাবদ্ধ এবং বিধিবদ্ধ ভর্তুকি সমূহ পুনঃস্থাপনে সেই সাথে CUNY পদ্ধতিতে বিনিয়োগসহ এবং স্টপ এন্ড ফিস্ক সংস্কার করা যাতে বর্নবাদ ও যুবকদের অনুচিত ভাবে থামানো না হয়। আমি সূচনাকারীদের ক্ষেত্রে বিনিয়োগ করবো, উদীয়মান শিল্প গঠনে সহায়তা প্রদান করবো, দেউলিয়াপনা ক্ষুদ্র ব্যবসায়ীদের ক্ষেত্রে অতিরিক্ত জরিমানা আদায় বন্ধ করব, এবং শিক্ষা নীতিমালা প্রণয়নের সময় পিতা-মাতাদের বক্তব্য শুনবো। অত্যন্ত গুরুত্বপূর্ণ, যে আমি একমাত্র ডেমোক্রাট প্রার্থী যিনি প্রতিজ্ঞাবদ্ধ সত্যিকারের সম্পদশালীদের ক্ষেত্রে করবৃদ্ধির এবং চিরাচরিত প্রী-কে এবং প্রতিটি মিডল স্কুলের ছেলেমেয়েদের জন্য যাদের প্রয়োজন রয়েছে তাদের আফটার স্কুল কার্যক্রম দিতে। আমার ক্ষেত্রে, গুণগত মানের স্কুল আমার ব্যক্তিগত ধারণা। আমি গর্বের সহিত বলতে পারি যে নিউ ইয়র্কের ইতিহাসে আমিই প্রথম মেম্বর হতে যাচ্ছি যিনি তার শিশুদের পাবলিক স্কুলে দিচ্ছে। আমি প্রতিজ্ঞাবদ্ধ যে আমি আমাদের সিটিকে নতুন, অগ্রগতিমুখী হিসেবে পরবর্তী বছর গুলিতে চালিত করবো এবং আমি আশা করি যে আপনি আমার সহিত যোগ দেবেন।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*